© WSB Inc. / World Scouting



# ওয়ার্ল্ড স্কাউট ইয়ুথ প্রোগ্রাম পলিসি

SCOUTS®
Creating a Better World

ইয়ুথ প্রোগ্রাম

পৃষ্ঠপোষক : **ড. মোঃ মোজাম্মেল হক খান**
প্রধান জাতীয় কমিশনার
বাংলাদেশ স্কাউটস।

সার্বিক সহযোগিতায় : **জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান**
জাতীয় কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস।

**জনাব আরশাদুল মুকাদ্দিস**
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ স্কাউটস।

**জনাব মোঃ আবু মোতালেব খান**
যুগ্ম নির্বাহী পরিচালক (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস।

**জনাব মুহাম্মদ আবু সালেক**
পরিচালক (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস।

বাংলায় অনুবাদ : **জনাব শর্মিলা দাস**
সহকারী পরিচালক (প্রোগ্রাম ও গ্রোথ)
বাংলাদেশ স্কাউটস।
**জনাব ফরহাদ হোসেন**
আহবায়ক, প্রোগ্রাম বুলেটিন টাস্কফোর্স
বাংলাদেশ স্কাউটস।

প্রথম প্রকাশ : জুন ২০১৭

মুদ্রণ : বিগ গ্রাফিক, ৫১/৫১-এ পুরানা পল্টন, ঢাকা, ফোনঃ ৯৫৬৩৫৭৮



# ৪০ তম বিশ্ব স্কাউট সম্মেলনের প্রস্তাব স্লোভেনিয়া ২০১৪

## ৮/১৪ ওয়ার্ল্ড স্কাউট প্রোগ্রাম পলিসি

অধিবেশন/সম্মেলন/আলোচনা সভা

- এটা অনস্বীকার্য যে, স্কাউটিংয়ের উদ্দেশ্য অর্জনের ও সদস্যসমূহের পদ বজায় রাখা/অব্যাহত রাখা ও তাদের মনোযোগ আকর্ষণের প্রধান শিক্ষা মাধ্যম হচ্ছে ইয়ুথ প্রোগ্রাম।
- ঐ সম্মেলনের ৮নং দলিলে ধারণকৃত/লিখিত তথ্যানুযায়ী একটি নতুন ইয়ুথ প্রোগ্রামর নীতির প্রয়োজনীয় দৃঢ়তার সাথে ঘোষণা দেয়া।
- ঐ সম্মেলনের ৮নং দলিলে অধিভুক্ত/ধারণকৃত নীতিসমূহ ওয়ার্ল্ড ইয়ুথ প্রোগ্রামর নীতি হিসাবে গ্রহণ করা।
- ইয়ুথ প্রোগ্রামর উন্নয়নে পর্যাপ্ত সম্পদ দান/উৎসর্গ ও বিতরণ এবং নীতিকে তাদের নিজস্ব নীতি ও কার্যপ্রণালী হিসবে প্রতিফলিত করতে জাতীয় স্কাউট সংস্থাগুলোকে প্রয়োজনীয় পদক্ষেপসমূহ গ্রহণ করতে জোড়ালোভাবে গুরুত্বারোপ করা হয়েছে।
- বিশ্ব যুব স্কাউট প্রোগ্রাম প্রতিফলিত করতে জাতীয় স্কাউট সংস্থাসমূহে চালু রাখতে, সমর্থন দিতে, এলাকার কর্মনীতির উন্নয়নে প্রয়োজনীয় কার্যবিধি গ্রহণ করতে ও এলাকায় তা বৈশ্বিক মাত্রায় অনুশীলন করতে বিশ্ব স্কাউট সমিতিকে অনুরোধ করা হয়েছে।
- ইয়ুথ প্রোগ্রাম সম্পর্কিত এবং শিক্ষামূলক/শিক্ষাগত বিষয়সমূহ সম্পর্কিত WOSM এর মধ্যে বোঝাপড়া সৃষ্টিতে/সৃষ্টি করতে একটি শিক্ষামূলক ফোরা'র আয়োজন করতে অঞ্চলসমূহকে জোড়ালোভাবে অনুরোধ করা হয়েছে।

# সূচিপত্র


পৃষ্ঠা

ওয়ার্ল্ড স্কাউট প্রোগ্রাম পলিসি ৩

- ভূমিকা
  - ইয়ুথ প্রোগ্রামর নীতি ও ইয়ুথ প্রোগ্রামর ঐতিহাসিক পটভূমি
  - ওয়ার্ল্ড স্কাউট প্রোগ্রাম পলিসির উদ্দেশ্য
  - ইয়ুথ প্রোগ্রাম গুরুত্বপূর্ণ কেন?
- সংজ্ঞাসমূহ ৬
- ইয়ুথ প্রোগ্রামর বিষয়বস্তু ৭
  - ইয়ুথ প্রোগ্রামর সংজ্ঞা
  - ইয়ুথ প্রোগ্রামর বিষয়বস্তু
  - কেন?
    - স্কাউটিংয়ের শিক্ষামূলক লক্ষ্য/উদ্দেশ্য
    - ব্যক্তিগত বৃদ্ধির ক্ষেত্রে/প্রসারতার ক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি হিসেবে স্কাউটরা
    - কর্মঠ নাগরিক হিসেবে তাদের নিজ সম্প্রদায়ে ইতিবাচক পরিবর্তন সৃষ্টিতে স্কাউটরা
  - কি?
    - স্কাউটিংয়ে সকল শিক্ষামূলক সুযোগ-সুবিধাসমূহ যেখান থেকে যুবকেরা উপকৃত হতে পারে
    - ইয়ুথ প্রোগ্রাম ও প্রবণতাসমূহ
  - কিভাবে?
    - স্কাউট পদ্ধতির ব্যবহার
- ইয়ুথ প্রোগ্রামর জীবনচক্র ১৩
  - যুব উন্নয়ন প্রোগ্রামর প্রক্রিয়া
  - ইয়ুথ প্রোগ্রাম সম্পাদন/রূপায়ন
  - দায়িত্ব ও ভূমিকাসমূহ
  - যুব উন্নয়ন প্রোগ্রামর মূলনীতিসমূহ
  - নীতিসমূহের বাস্তবায়ন
    - বিশ্ব স্কাউটে কিভাবে ইয়ুথ প্রোগ্রামর নীতি ব্যবহার করা হয়
    - অন্যান্যদের সাথে সহসমন্বয় সাধন
    - বয়সের বিভাগসমূহ/বয়স বিভাজন
    - উন্নয়ন/মানোন্নয়ন
    - পুনর্বিবেচনা এবং নির্দিষ্ট সময়ের মেয়েদের সময় কাঠামো
- পরিশেষ/পরিশিষ্ট ২১
  - স্কাউটিং
  - স্কাউটিং আন্দোলনের সংজ্ঞা
  - স্কাউট আন্দোলনের উদ্দেশ্য
  - স্কাউট আন্দোলনের নীতিসমূহ
  - স্কাউট পদ্ধতি
  - স্কাউটিংয়ের উদ্দেশ্য
  - স্কাউটিং এর দর্শন
  - যুব উন্নয়ন প্রোগ্রামর দায়িত্ব, কর্তব্য ও ভূমিকা





# ওয়ার্ল্ড স্কাউট প্রোগ্রাম পলিসি

## ভূমিকা

প্রতিষ্ঠালগ্ন হতেই স্কাউটিং একটি অনানুষ্ঠানিক শিক্ষামূলক আন্দোলন। স্কাউট প্রোগ্রাম এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে আমাদের এ আন্দোলন এর শিক্ষামূলক উদ্দেশ্যসমূহ প্রয়োগ করে। রবার্ট ব্যাডেন পাওয়েল (বিপি) বলেছেন, "স্কাউটিং প্রোগ্রামর উপাদানসমূহ বালকদের জন্য প্রথম প্রকাশিত হয় ১৯০৮ সালে এবং পরবর্তী ১৫ বছরের প্রত্যেক সংস্করণে এটাকে আরো আধুনিক করা হয়।" এটা পড়ে আমরা বর্তমানে স্কাউটিংয়ে যা কিছু করছি কি, কিভাবে, কেন করছি? তার একটি ব্যাখ্যা পাই।

বিপির সংজ্ঞার বিশেষত্ব হচ্ছে যে এটা ভাল বিজ্ঞানের উপাদানসমূহ থেকে স্কাউটিংয়ের শিক্ষার নমুনা ধারণ করা হয়েছিল যা মানুষ কিভাবে শিখে তার সম্পর্কে বলে।

জীবন কৌশলের উন্নয়নের উপর স্কাউটিং শিক্ষার আলোকপাত করা হয়। সাম্প্রতিক এক গবেষণায় শিক্ষা, মনোবিজ্ঞান এবং অর্থনীতির গবেষণার উপাদানের বৈশিষ্টসমূহকে 'ব্যক্তিত্বের ভ্রমণ' সম্পাদনামূলক কার্যাবলী, অভাবনীয় দক্ষতা যেগুলোকে জীবনের শিক্ষা ও সাফল্যের বিষয় হিসেবে প্রমাণ করা হয়েছে মৌলিক হিসেবে।

যুবকদের প্রয়োজন ও বক্তব্যের ধরণ পরিবর্তন হয়েছে, যেখানে আমাদের আন্দোলনের প্রয়োজনীয় বৈশিষ্ট্য হিসেবে শিক্ষামূলক উদ্দেশ্য ১০০ বছরেরও বেশি সময় পরেও টিকে আছে। বিশ্বব্যাপী স্কাউটদের একত্রিত করতে একটি সাধারণ গঠন কাঠামো থাকা প্রয়োজন, একটি গঠন কাঠামো যা বিভিন্ন শর্তাবলী ও সংস্কৃতিসমূহের মধ্যে সীমা ছাড়িয়ে যায় সময়ের আবর্তে এটাকে টিকিয়ে রাখবে। ওয়ার্ল্ড স্কাউট প্রোগ্রাম পলিসি সাধারণ স্কাউটিংয়ের শিক্ষার সাধারণ উপাদানসমূহ নির্ধারণ করেছে, যা জাতীয় স্কাউট সংস্থা (NSO) এর উচিত বিশ্বব্যাপী স্কাউটদের মধ্যে স্কাউটিং জীবনের জন্য শিক্ষার এ একই ধারণা ভাগাভাগি করা এবং এর পারিপার্শ্বিক অবস্থা অনুসারে সম্পাদন করা।

[এই তথ্য হচ্ছে প্রাতিষ্ঠানিক তথ্যসমূহের মধ্যে অন্যতম-স্কাউট আন্দোলনের বিশ্ব সংস্থা (WOSM)]

এই WOSM বা বিশ্ব স্কাউট আন্দোলন সংস্থার প্রাতিষ্ঠানিক তথ্যসমূহের মধ্যে এটি অন্যতম তথ্য/প্রমান। এটা এই নীতির দ্বিতীয় সংস্করণ যা প্রথম গ্রহণ করা হয়েছিল ৩২ তম বিশ্ব স্কাউট সম্মেলনে। যা ১৯৯০ সালে ফ্রান্সের প্যারিসে আয়োজন করা হয়েছিল। দীর্ঘ ২৩ বছর পর স্লোভেনিয়ার লুবিয়ানাতে অনুষ্ঠিত ৪০ তম বিশ্ব স্কাউট সম্মেলনে নতুন সংস্করণ করা হয় নতুন নীতি ৮/১৪ সম্মেলনের প্রস্তাবের মাধ্যমে।

## - ইয়ুথ প্রোগ্রামর নীতি ও ইয়ুথ প্রোগ্রামর ঐতিহাসিক পটভূমি

### পটভূমি

প্রোগ্রাম বিতরণে সুবিধা দিতে এবং প্রস্তাবকদের তৈরি করতে প্রাপ্ত বয়স্কদের প্রশিক্ষণের প্রতিষ্ঠার সাথে (উদাহরণস্বরূপ Wood badge) ইয়ুথ প্রোগ্রামর মাধ্যমে স্কাউটিংয়ের শিক্ষামূলক উদ্দেশ্য সবসময় নিসৃত হয়।

স্কাউটিংয়ে ইয়ুথ প্রোগ্রামর ধারণা যা আমরা এখন জানি সম্প্রীতি তার উৎপত্তি/বিকাশ ঘটেছে/হয়েছে। এই প্রোগ্রাম মূলত অবহিত করা হয়েছিল নির্ধারিত প্রোগ্রাম হিসেবে, যার নকশা করা হয়েছে ব্যাডেন পাওয়েলের দ্বারা এবং বালকদের/ছেলেদের জন্য স্কাউটিং প্রকাশিত করা হয়েছিল। সময়ের আবর্তে স্কাউটিং এর প্রোগ্রামসমূহ বিকশিত হতে শুরু হয়েছে এবং সারা বিশ্বব্যাপী ইয়ুথ প্রোগ্রামর একতা বজায় রাখতে/অক্ষুণ্ন রাখতে অসংখ্য বিশ্ব স্কাউট সম্মেলনসমূহে প্রোগ্রামর বিস্তারিত তুলে ধরা হয়।

১৯৯০ সালে প্যারিসে অনুষ্ঠিত ২৩ তম বিশ্ব স্কাউট সম্মেলনে ওয়ার্ল্ড স্কাউট প্রোগ্রাম পলিসির প্রথম সংস্করণ গ্রহণ করা হয়। ঐ ধারণার উপর ভিত্তি করে যে, 'ইয়ুথ প্রোগ্রাম একেবারে চিরতরে চিরদিনের জন্য সংজ্ঞায়িত করা যায় না, কিন্তু এটাকে প্রতিটা দেশের প্রতিটা প্রজন্মের যুবকদের প্রয়োজন ও উৎসাহের উপর এটাকে গ্রহণ করা যাবে।

দ্রুত চলমান বিশ্বে, বিশ্বব্যাপী যুবকদের প্রয়োজন ও বৈচিত্র সংস্কৃতিসমূহের মধ্যে স্কাউটিংয়ের মূল উপাদানসমূহের মধ্যে মিল খুঁজে বের করে যুবকদের একত্রিত করে একটি পথ খুঁজে বের করাই হচ্ছে দ্বিতীয় সম্মেলন।

## - ওয়ার্ল্ড স্কাউট প্রোগ্রাম পলিসির উদ্দেশ্য

ওয়ার্ল্ড স্কাউট প্রোগ্রাম পলিসি একটি গঠন কাঠামো বা অবকাঠামো যা জাতীয় স্কাউট সংস্থা (NSO) চলমান ইয়ুথ প্রোগ্রাম উন্নয়নের দিক নির্দেশনা প্রদান করে থাকে। বিশ্ব ইয়ুথ প্রোগ্রাম নীতির যে অংশগুলো নিয়ে গঠিত:

**ইয়ুথ প্রোগ্রাম যা ধারণ করে ঃ** ইয়ুথ প্রোগ্রামর সংজ্ঞা, স্কাউটিংয়ে আমরা কি, কিভাবে কেন করি।

**ইয়ুথ প্রোগ্রামর জীবনচক্র ঃ** যা স্কাউটিংয়ের সর্বপর্যায়ে ইয়ুথ প্রোগ্রামর উন্নয়ন এবং সম্পাদন তথা এর দায়িত্ব, কর্তব্যসমূহ বা ভূমিকাসমূহকে অন্তর্ভুক্ত করে।

**এই নীতি নিম্নলিখিত নীতির উপর ভিত্তি করে স্কাউটিংয়ের উচিত-**

* স্কাউটিংয়ের কেন্দ্রে যুবকদের থাকতে হবে।
* শিক্ষামূলক হতে হবে।
* সক্রিয়/কর্মঠ নাগরিকে উন্নীত করা।
* স্থানীয়ভাবে গ্রহণ ও বিশ্বব্যাপী ঐক্যবদ্ধ হতে হবে।
* আধুনিক ও প্রাসঙ্গিক।
* সবার জন্য উন্মুক্ত।
* অংশগ্রহণকারীদের জন্য আকর্ষণীয়, চ্যালেঞ্জিং এবং অর্থবহ করা।

## - ইয়ুথ প্রোগ্রাম গুরুত্বপূর্ণ কেন?

স্কাউটিংয়ের মৌলিক বিষয়সমূহ যথা এর উদ্দেশ্য, নীতিসমূহ এবং পদ্ধতির উপর ভিত্তি করে যুবকদের জন্য স্কাউটিং  হচ্ছে একটি শিক্ষামূলক আন্দোলন। জীবনের জন্য শিক্ষাই হচ্ছে স্কাউটিং এর মূল ধারণ যেখানে ইয়ুথ প্রোগ্রামই প্রধান মাধ্যম, যার মাধ্যমে জীবনের জন্য যুবকদের শিক্ষিত করা হয় (জীবনের জন্য)। তাছাড়া ইয়ুথ প্রোগ্রামই হচ্ছে স্কাউটিংয়ের মূল উপাদান যা একটি যানবাহন যার মাধ্যমে স্কাউটিংয়ের উদ্দেশ্য অর্জন করা হয়েছে। যেখানে ইয়ুথ প্রোগ্রাম নেই সেখানে স্কাউটিং নেই/ইয়ুথ প্রোগ্রাম ছাড়া স্কাউটিং হয় না।

উপরোক্ত, NSO এর অন্যান্য সকল কার্যাবলী হচ্ছে ইয়ুথ প্রোগ্রাম প্রয়োগে সামান্যতম সমর্থন মাত্র। উদাহরণস্বরূপ, ব্যবস্থাপনা গঠন, প্রাপ্তবয়স্কদের প্রশিক্ষণ যোগাযোগের দলসমূহ, অর্থনৈতিক  উৎসসমূহ। এর মানে এই নয় যে, ইয়ুথ প্রোগ্রামতে কাজ করা প্রাপ্ত বয়স্কদের/বড়দের কাজ স্কাউটিংয়ে সবচেয়ে গুরুত্বপূর্ণ, এর মানে হচ্ছে স্কাউটিংয়ে একটি ফলপ্রসূ ইয়ুথ প্রোগ্রাম সম্পাদন করতে সকল প্রাপ্তবয়স্কদের একসাথে কাজ করা উচিত।

## টার্গেট শ্রোতাবর্গ

এই নীতি সকল স্টেকহোল্ডার যারা সর্বস্তর থেকে বিশ্বব্যাপী ও আঞ্চলিক পর্যায়ে কিন্তু বিশেষ করে জাতীয় পর্যায়ে কাজ করছে এবং ইয়ুথ প্রোগ্রামকে সমর্থন করছে তাদের লক্ষ্য করে।

# সংজ্ঞাসমূহ

এই তথ্যের মূল অংশ/শব্দসমূহ ইয়ুথ প্রোগ্রামর সাথে সম্পর্কিত সংজ্ঞাসমূহকে আলোকপাত করে।

## যুব/যৌবন (Youth)

স্কাউটিংয়ে "যৌবন/যুব" কথাটি আন্দোলনের মধ্যে ছেলেমেয়েদের শিক্ষামূলক আন্দোলনের অন্তর্ভুক্ত করে স্কাউটিংয়ে যুবকদের কম শিক্ষার অভিজ্ঞতা যুবকদের উন্নয়নের উপর আলোকপাত করে। তাছাড়া ইয়ুথ প্রোগ্রাম বয়:প্রাপ্ত বয়সে শেষ হয় (যা শৈশব, কৈশোর, প্রাক প্রাপ্তবয়স্ক সময়কে অন্তর্ভুক্ত করে)। স্কাউটিংয়ে ব্যক্তিগত উন্নয়নের বিভিন্ন ধাপসমূহ বয়স বিভাজনকে সুনির্দিষ্ট করে দেয়, যা NSO যেভাবে পরিচালনা করে তার বিপরীত (যদিও, প্রায়ই, বিভাজনটির যাত্রা ৫ - ২৬ বছরের মধ্যেই পরে) এবং সাংস্কৃতিক ভিন্নতা অনুসারে ভিন্ন হতে পারে। যেখানে আমরা যুবক/ইয়ুথ শব্দটি ব্যবহার করি যখন সদস্য বা একজন কর্মঠ/সক্রিয় স্কাউট সদস্য হিসাবে 'যৌবন' কথাটি আরো বেশি জাতিবাচক।

## বয়সের বিভাজন/ভাগ (Age Section)

স্কাউটিংয়ে বয়সের বিভাজন হচ্ছে বয়সের ভাগ যা বয়সের মাত্রা এবং ব্যক্তিগত উন্নয়নের বিভিন্ন স্তরসমূহ অনুসারে তৈরি করা হয়। এই বিভাজনগুলোতে প্রকৃত নামসমূহ ও বয়সের মাত্রা যা একদেশ হতে অন্যদেশে পার্থক্য হয়।

## প্রাপ্তবয়স্ক/বড়

প্রাপ্তবয়স্ক বা বড়দের বিশ্ব স্কাউটিং নীতি অনুযায়ী সাবালক/প্রাপ্তবয়স্ক/বড়দের নেতা হচ্ছে প্রধান স্বেচ্ছাসেবী নেতা (খুব কমক্ষেত্রেই পেশাদার নেতা আছে) যা ইয়ুথ প্রোগ্রাম উন্নয়ন ও প্রয়োগের জন্য দায়ী। তথা অন্যান্য সাবালকদের/প্রাপ্তবয়স্কদের সমর্থনে করতে অথবা সংস্থা কাঠামোকে সমর্থনে দায়িত্ববান।





# ইয়ুথ প্রোগ্রামর বিষয়বস্তু

## ইয়ুথ প্রোগ্রামর সংজ্ঞা

স্কাউটিংয়ে ইয়ুথ প্রোগ্রাম বলতে যুবকদের শিক্ষার সুযোগের সামগ্রিকতাকে বোঝায়, যেখান থেকে স্কাউটিংয়ের উদ্দেশ্য পূরণে কী এবং কেন কোন নতুন কিছু তৈরি করে এবং স্কাউটিং পদ্ধতির মাধ্যমে দক্ষ হয়/অভিজ্ঞ হয়।

অথবা

স্কাউটিংয়ে ইয়ুথ প্রোগ্রাম বলতে বুঝায়, স্কাউটিংয়ের উদ্দেশ্য পূরণে (কী বা কেন) কিছু নতুন সৃষ্টি করে বা তৈরি এবং তা স্কাউটিং পদ্ধতির মাধ্যমে অভিজ্ঞ হওয়া ও শিক্ষার সুযোগের সম্পূর্ণতা দেওয়াকে বা সামগ্রিকতাকে বোঝায়।

এই নীতি যুবকদের স্কাউটিং জীবনে অভিজ্ঞতার সামগ্রিকতাকে বোঝায় যা ইয়ুথ প্রোগ্রামর ধারণা সংযুক্ত করে এক ব্যাপক সংজ্ঞা যা অন্তর্ভুক্ত করে ঃ

**Why (কেন)** : আন্দোলনের উদ্দেশ্যসমূহ ও নীতিসমূহের সাথে সাথে শিক্ষামূলক উদ্দেশ্যসমূহ।

**Why (কী)** : সুগঠিত/সুসংগঠিত ও স্বত:স্ফুর্ততা উভয়ের অভিজ্ঞতা ও অবস্থাসমূহ যেখান থেকে যুবকরা কোন কিছু শিখতে পারে। উদাহরণস্বরূপ/শিক্ষার সুযোগ/সুবিধাসমূহ।

**How (কিভাবে)** : যে পদ্ধতিতে এটা করা হয়। যেমন-স্কাউট পদ্ধতি।

যেভাবে এটা করা হয় তাই স্কাউট পদ্ধতি।

# ইয়ুথ প্রোগ্রামর বিষয়বস্তু

## কেন?

### স্কাউটিংয়ের শিক্ষামূলক লক্ষ্য/উদ্দেশ্য

স্কাউটিংয়ের লক্ষ্য অর্জনে ইয়ুথ প্রোগ্রাম হচ্ছে শিক্ষামূলক মাধ্যম যা যুবকদের শারীরিক, মেধা আবেগের সামাজিক আধ্যাত্মিক এবং ব্যক্তিগত ক্ষেত্রে দায়িত্ববান নাগরিক হিসেবে তাদের স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের মধ্যে অবদান রাখে। তাছাড়া, ইয়ুথ প্রোগ্রাম হচ্ছে একুটি মাধ্যম যার মাধ্যমে/দ্বারা স্কাউটিংয়ে সম্প্রদায়ের জন্য কর্মঠ আন্তর্জাতিক/বৈশ্বিক নাগরিকদের holistic উন্নয়ন এবং স্বায়ত্বশাসিত/স্বাতন্ত্র ব্যক্তির ক্ষমতায়নে অবদান রাখে।

তাছাড়া যুব স্কাউটিং প্রোগ্রাম তিনটি বিশদ নীতির উপর ভিত্তি করে যা এ আন্দোলনের নীতি মৌলিক নীতি ও বিশ্বাসসমূহের প্রতিনিধিত্ব করে। তাদেরকে উল্লেখ করা হয় সৃষ্টিকর্তার প্রতি দায়িত্ব, অন্যান্যদের প্রতি দায়িত্ব এবং নিজের প্রতি দায়িত্ব হিসেবে। উল্লিখিত নীতি অনুযায়ী প্রথমটি ব্যক্তির সাথে জীবনের আধ্যাত্মিক মূল্যবোধের সম্পর্ক, দ্বিতীয়টি ব্যাপকভাবে ব্যক্তির সাথে সমাজের সম্পর্ককে এবং তৃতীয়টি ব্যক্তির নিজের বাধ্যবাধকতা সমূহকে নির্দেশ করে। বিশ্বব্যাপী স্কাউটিংয়ের মাধ্যমে আমরা ব্যাপকভাবে সহাবস্থানের মান ভাগাভাগি করি যা স্কাউট প্রতিশ্রুতি ও আইনের মাধ্যমে প্রধানত প্রকাশ করা হয়।

### ব্যক্তিগত বৃদ্ধির ক্ষেত্রে/প্রসারতার ক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি হিসেবে স্কাউটরা

উন্নয়নমূলক তত্ত্বসমূহকে বিবেচনা করে এবং স্কাউটিংয়ের উদ্দেশ্যের/লক্ষ্যের উপর ভিত্তি করে স্কাউটিংয়ের শিক্ষার উদ্দেশ্যে উপর ভিত্তি করে এমন কতিপয় ক্ষেত্রসমূহের বৃদ্ধিকে সনাক্ত করে স্কাউটিং সকল পরিধির মানবিক ব্যক্তিত্বকে গ্রহণ করেছে। বৃদ্ধির ক্ষেত্রসমূহকে আলাদা আলাদা উপাদান হিসেবে বিবেচনা করা উচিত নয় বরং এটাকে সম্পর্কটির অংশ ভাবা উচিত।

স্কাউট আন্দোলনের বর্ণিত উদ্দেশ্য হিসেবে শারীরিক, মানসিক, বুদ্ধিমত্তার, আবেগের, সামাজিক, আত্মিক উদ্দেশ্যকে বলা হয়েছে যেখানে সকল ক্ষেত্রসমূহ ব্যক্তির চরিত্র গঠনে ও উন্নয়নে সাহায্য করে এমন ব্যক্তিগত সমৃদ্ধির ক্ষেত্রসমূহকে ইয়ুথ প্রোগ্রাম স্বীকৃতি দিয়েছে।

### কর্মঠ নাগরিক হিসেবে তাদের নিজ সম্প্রদায়ে ইতিবাচক পরিবর্তন সৃষ্টিতে স্কাউটরা

যারা/যিনি নিজ সম্প্রদায়ে ইতিবাচক কার্যক্রম/পদক্ষেপ নেন, স্কাউটিং শিক্ষা প্রক্রিয়া কর্মঠ নাগরিক উন্নয়নের পথে ধাবিত করে। একজন কর্মঠ নাগরিক

হচ্ছেন এমন এক নাগরিক যিনি একটি উন্নত সমাজ গঠনে গণতান্ত্রিক অহিংস, অপরের মতামতের গুরুত্ব এবং অন্যান্যদের থেকে আলাদা মতামতকে কৌশল হিসেবে গ্রহণ করেন।

একজন কর্মপরায়ন নাগরিক হচ্ছে প্রতিশ্রুতিবদ্ধ এবং দায়িত্ববান ব্যক্তি, যিনি বিশ্লেষণধর্মী চিন্তার অধিকারী যিনি কখনও প্রচলিত আইনের দ্বারা প্রাপ্ত দীর্ঘদিন ধরে লালিত হয়ে আসা বাস্তবতাকে অন্যকোন প্রতিষ্ঠান বা ব্যক্তির সংজ্ঞা দ্বারা অবিবেচকের মত গ্রহণ করেন না। কিন্তু তিনি সে, যিনি সমাজে বিদ্যমান ভিন্ন পরিসরের মতামত বিবেচনা করে গণতান্ত্রিক নিয়ম নীতি/নীতিমালা রদের সম্ভাব্য ঝুঁকিপূর্ণ অবস্থা বিশ্লেষিতভাবে পরীক্ষা করতে প্রাণপণে লড়াই করেন।

বিশ্বব্যাপী আন্দোলন হিসাবে স্কাউটিংয়ে যুবকদের বিশ্বব্যাপী কর্মপরায়ন এবং স্থানীয় সম্প্রদায়ে কর্মপরায়ন নাগরিক হিসেবে প্রস্তুত করা উচিত।

স্বায়ত্বশাসিত

একজন ব্যক্তি ও সমাজের সদস্য হিসাবে ব্যক্তি জীবনে ও সামাজিক জীবনকে নিয়ন্ত্রণ ও পছন্দ করতে সক্ষম হওয়া।

সহায়ক

অন্যান্যদের প্রতি সহানুভূতিশীল হওয়া তাদের উদ্বেগ প্রকাশ করতে তাদের সাথে বা তাদের জন্য কাজ করতে পারা এবং তাদের নিজেদেরকে অন্যের উপকারে আসতে পারা।

দায়িত্বশীল/দায়িত্ববান

যে কাজ তারা গ্রহণ করেছে তা সম্পূর্ণ করা, প্রতিশ্রুতি রাখা এবং তাদের কার্যাবলীর জন্য দায়ভার গ্রহণ করতে পারার দায়িত্বশীলতা।

প্রতিজ্ঞাবদ্ধ

নিয়মানুযায়ী কাজ করতে, একটি আদর্শ বা কারণ হতে তাদের নিজেদের গলায় মূল্যবোধের ভিত্তিতে জোড় গলায় তুলে ধরতে পারা।

সাংস্কৃতিকভাবে সংবেদনশীল

লিঙ্গ, উপজাতি, ধর্মীয়, ভাষাগত বা সাংস্কৃতিকভেদে অন্যের দৃষ্টান্তগুলোকে সম্মান জানাতে সাংস্কৃতিভাবে সংবেদনশীল হতে সক্ষম হতে পারা।

একজন কর্মপরায়ন নাগরিক হতে হলে, উত্তম/উন্নত বিশ্বের সৃষ্টি করার স্বপ্ন

দেখতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে ও অবদান রাখতে হবে। স্কাউটদের দৃঢ় নেতৃত্বের ক্ষমতার প্রয়োজন। স্কাউটিংয়ে নেতৃত্বকে অন্যান্যদের অন্তর্ভুক্ত ক্ষমতায়ন এবং সহযোগিতামূলকভাবে ভাগকৃত উদ্দেশ্য নিয়ে একটি স্বপ্ন প্রতিষ্ঠার প্রক্রিয়া। স্কাউটিংয়ে বা সমাজে নেতৃত্ব বলতে আনুষ্ঠানিক কাঠামোগত নেতৃত্বের অবস্থানকে বুঝায় না, বরং কর্মপরায়ন নাগরিকদের মৌলিক উপায় হিসেবে সম্প্রদায়ের চারপাশের আমুল পরিবর্তনের ক্ষমতাকে বোঝায়। উল্লেখযোগ্যভাবে, নেতৃত্বকে যৌথ প্রক্রিয়ায় দেখা যায়, যেখানে কতিপয় অংশগ্রহণকারী আত্ম-জ্ঞান এবং আত্ম ব্যবস্থাপনাকে স্বীয় নেতৃত্ব হিসেবে মাঝে মাঝে উল্লেখ থাকে। এটা অন্যান্যদের কার্যকরী নেতৃত্বের জন্য পূর্বশর্ত হিসেবে এবং ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি স্কাউট হিসেবে একটি ব্যক্তিগত বৃদ্ধির ক্ষেত্র।

## কী?

**স্কাউটিংয়ে সকল শিক্ষামূলক সুযোগ-সুবিধাসমূহ যেখান থেকে যুবকেরা উপকৃত হতে পারে**

ইয়ুথ প্রোগ্রাম বলতে সকল শিক্ষার সুযোগ যা স্কাউটিংয়ে যুবকরা দক্ষতার কাজ খেলাধুলা, অনুষ্ঠান, প্রহরী ও সেনা জীবনের মাধ্যমে ক্যাম্পিং ও বহিরাঙ্গণের কার্যাবলী সম্প্রদায়ের সেবা এবং উন্নয়নমূলক প্রকল্প প্রগতিশীল লক্ষ্য বা উদ্দেশ্য অর্জনের অথবা মানসম্মত প্রতীক অর্জনের মোকাবেলাকে বোঝায়। শিক্ষার সুযোগ সুবিধাসমূহ হচ্ছে নিদর্শন, যেখানে যুবকদের কোন অর্জনের ও ব্যবহারের, আচার, আচরণের দক্ষতাকে উন্নত করার সুপ্তশক্তিকে বোঝায় যা ব্যক্তি চরিত্র উন্নত করতে সাহায্য করে। তাছাড়া ইয়ুথ প্রোগ্রাম শুধুমাত্র কার্যাবলী সম্পাদনই নয় বরং শিক্ষার সুযোগ সমূহকে বোঝায় যা ঐ সকল প্রোগ্রামসমূহকে নির্দেশ করে যা স্কাউটিংয়ের মৌলিক বিষয়সমূহ ও মূল্যবোধের অংশ প্রদান করে থাকে।

শিক্ষার সুযোগ-সুবিধা তৈরিতে যুবক ও প্রাপ্তবয়স্কদের সাথে অংশীদারিত্বে কাজ করা উচিত। এই সুযোগ-সুবিধাসমূহকে তাদের নিজেদের জন্য অর্থবহ অভিজ্ঞতায় পরিণত করা (শিক্ষা একটি পছন্দ) যুবকদের উপর নির্ভর করে। এই প্রক্রিয়ায়/পদ্ধতিতে প্রাপ্তবয়স্করা যুবকদের সমর্থন করে। সুতরাং, স্কাউটিংয়ে প্রাপ্তবয়স্কদের প্রধান ভূমিকা শুধু কার্যাবলীর পরিকল্পনা বা সম্পাদন করাই নয় বরং যুবকদের জন্য শিক্ষার সুযোগ-সুবিধা দেয়াকে বোঝায়।

স্কাউটিংয়ে শিক্ষার প্রকট অভিজ্ঞতা সকলের জন্য প্রদান করা হয় না (এটা ভিন্ন ধরণের অভিজ্ঞতার সৃষ্টি করে)। প্রত্যেক ব্যক্তি স্কাউটের জন্য তাদের শিক্ষার দক্ষতা, পারদর্শিতা, উন্নয়নের স্তর/পর্যায় এবং প্রয়োজনের উপর ভিত্তি করে এটা ভিন্ন ভিন্ন অভিজ্ঞতার সৃষ্টি করে।

### ইয়ুথ প্রোগ্রাম ও প্রবণতাসমূহ

পৃথিবী সূচকীয় হারে পরিবর্তিত হচ্ছে। আমরা সংস্কৃতিতে এবং সম্প্রদায়সমূহে বিভিন্ন পরিপ্রেক্ষিতে ব্যাপকভাবে ভিন্নতা মোকাবেলা করছি। এটা কিছুটা নগরায়ন এবং বিশ্বায়নের ফলাফল, যার মাধ্যমে জনগণ এবং দেশসমূহ ব্যাপকভাবে প্রযুক্তিগত, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক এবং অর্থনৈতিকভাবে আন্ত:সম্পর্কিত হয়েছে। সমাজের নতুন প্রবণতাসমূহকে প্রাসঙ্গিক রাখতে এবং এ সমস্ত পরিবর্তনকে স্কাউটিংয়ের উদ্দেশ্য অর্জন করতে বর্তমান বা ভবিষ্যৎ বিশ্বে কর্মপরায়ন নাগরিকত্বের দ্বারা যুবকদের সুসজ্জিত করতে হবে। ইয়ুথ প্রোগ্রাম সম্পর্কে যখন চিন্তা করি বা ভাবি আমরা প্রবণতাসমূহকে মূল বিষয় হিসাবে দেখা উচিত। সেগুলো হতে পারে স্থানীয়, জাতীয় এবং বৈশ্বিক। যখন প্রবণতাসমূহকে খুঁজি ক্ষেত্রসমূহকে বিশ্লেষণ করতে অর্থনীতি, শিক্ষা, সমাজ এবং স্বাস্থ্যই হচ্ছে প্রাসঙ্গিক ক্ষেত্রসমূহ। কিছু উদাহরণ হচ্ছে আত্মফলদায়ক/ফলপ্রসূ মতবিনিময়/সংলাপ, নিয়োগ যোগ্যতা, যুব ক্ষমতায়ন, পরিবেশ, আত্ম-সাংস্কৃতিক বিনিময়, নেতৃত্ব ও টেকসই উন্নয়ন এবং সামাজিক মাধ্যম। ইয়ুথ প্রোগ্রাম প্রাসঙ্গিক আছে কিনা তা নিশ্চিত করতে নির্দিষ্ট সময় অন্তর NSO এর বিদ্যমান স্থানীয় অবস্থার বিশ্লেষণ করা উচিত।

## কিভাবে?

### স্কাউট পদ্ধতির ব্যবহার

স্কাউটিং স্বশিক্ষার ধারণার উপর ভিত্তি করে। এটা স্বীকৃতি দেয় যে, একজন যুব স্কাউট সদস্য/ব্যক্তি হচ্ছে অনন্য ব্যক্তি যিনি যার নিজের উন্নয়নের জন্য দায়িত্ব গ্রহণ করা উচিত। শিক্ষার পদ্ধতিতে এই যুব ব্যক্তিত্বই হচ্ছে প্রধান অংশগ্রহণকারী। স্কাউট পদ্ধতি হচ্ছে একটি কাঠামোবদ্ধ কাঠামো, যেখানে ব্যক্তিগত বৃদ্ধির পথের সাথে সাথে প্রত্যেক যুবককে দিক নির্দেশনা ও সাহস দিতে সাজানো হয়/পরিকল্পনা করা হয়।

### স্কাউট পদ্ধতি

স্কাউট পদ্ধতিতে স্কাউট শিক্ষা নীতি/নীতিকে প্রায়ই প্রগতিশীল স্বশিক্ষার পদ্ধতি হিসেবে বর্ণনা করা হয়। এটা এমন এক আন্তনির্ভরশীল দলের উপাদানসমূহ নিয়ে গঠিত যা একটি উদ্দেশ্য অর্জন করতে সম্পূর্ণভাবে ঐক্যবদ্ধ ও সংহত। এজন্য পদ্ধতি শব্দটি একবচনে ব্যবহার করা হয় বহুবচনে নয়। প্রত্যেকটি উপাদানের শিক্ষামূলক কার্যক্রম আছে যা অন্যান্য উপাদানসমূহের সম্পূরক। তাছাড়া এ পদ্ধতির জন্য সকল উপাদান প্রয়োজন, সর্বোপরি কার্যসম্পাদন করতে এবং এমনভাবে এগুলোকে ব্যবহার করতে হবে যাতে এগুলো স্কাউটিংয়ের নীতি

ও উদ্দেশ্যের সাথে মিল বা সামঞ্জস্য থাকে। স্কাউট পদ্ধতি হচ্ছে স্কাউটিংয়ের মৌলিক ক্ষেত্র এবং এটাকে প্রকাশ করা যায় নিম্নরূপভাবে :

- স্কাউট প্রতিজ্ঞা ও আইন।
- কাজের মাধ্যমে শিক্ষা।
- দলীয় পদ্ধতি।
- প্রতীকী কাঠামো গঠন।
- ব্যক্তিগত উন্নয়ন।
- প্রকৃতি।
- প্রাপ্তবয়স্কদের সমর্থন।

NSO এর কাছে স্কাউটিং শিক্ষা পদ্ধতিতে প্রয়োগ আশা করা হয় যা মৌলিক স্কাউট পদ্ধতি অনুসারে হবে। এই পদ্ধতিই হচ্ছে আমাদের ভাগকৃত মূল্যবোধের মধ্যে যুবকদের জন্য অর্থবহ অভিজ্ঞতা সৃষ্টিতে আমরা কিভাবে স্কাউটিং অনুশীলন করি।



# ইয়ুথ প্রোগ্রামর জীবনচক্র

ইয়ুথ প্রোগ্রামর আন্দোলনের শুরু হতেই স্কাউটিংয়ের ইয়ুথ প্রোগ্রামর একটি জীবনচক্র আছে যাকে বিভিন্ন শিক্ষামূলক উপাদান হিসেবে প্রকাশ করা হয়। এটা যুবকদের সাথে ক্রিয়া প্রতিক্রিয়া। মিথক্রিয়ার মাধ্যমে তাদের প্রয়োজনগুলোকে চিহ্নিত করতে সাধারণত এটা শুরু হয়। ব্যাডেন পাওয়েল যেভাবে বলেছেন, বালকদের জিজ্ঞাসা কর যেখানে বালকেরা সকল যুবকদের প্রতিনিধিত্ব করে যা ছেলে ও মেয়ে উভকেই বুঝায়। সমস্ত প্রয়োজনের একটি পরিপূর্ণ বিশ্লেষণ করতে নতুন গতিধারার প্রতি কঠোর দৃষ্টিভঙ্গির দাবি করে যার সুস্পষ্ট লক্ষ্য ইয়ুথ প্রোগ্রামর দিকে পরিচালিত করবে। NSO এর উচিত ইয়ুথ প্রোগ্রামর নেতাদের প্রশিক্ষণ দেওয়া নিশ্চিত করে যে স্কাউটিংয়ের মৌলিক বিষয়ের সাথে সঙ্গতি বা সামঞ্জস্য রেখে আধুনিক শিক্ষামূলক পদ্ধতি অবলম্বন করে। যথা-ইহার উদ্দেশ্য, নীতিসমূহ এবং পদ্ধতিসমূহ। ইয়ুথ প্রোগ্রাম স্থির নয়। ইয়ুথ প্রোগ্রাম জীবনচক্রের যথাযথ প্রয়োগ নিশ্চিত করে যে, এই প্রোগ্রাম নিয়মিত আধুনিকায়ন করা হয় যুবকদের প্রয়োজনসমূহকে চিহ্নিত করতে। এটা অনেকগুলো গোপন বিষয়ের মধ্যে যা স্কাউট আন্দোলনটি ১০০ বছরেরও উপরে পরিচালনা করতে সাহায্য করেছে এবং এটা সম্ভবত সারা জীবন চলতেই থাকবে। সারসংক্ষেপ, এই নীতিগুলো ইয়ুথ প্রোগ্রামর জীবনচক্রকে দু'টি মূল বিষয়ে উপস্থাপন করেছে।

- **যুব উন্নয়ন প্রোগ্রামর প্রক্রিয়া**
- **ইয়ুথ প্রোগ্রাম সম্পাদন/রূপায়ন**

বিশ্বব্যাপী স্কাউটিংয়ে ইয়ুথ প্রোগ্রামর জীবনচক্রের অনেক পন্থা বা পথ রয়েছে। এই নীতি একটি পথের উপর অন্য একটি পথ গ্রহণের সুপারিশ করে না; এটা সাধারণত বেশি জোড় দেয় এই নীতির প্রমাণাদির প্রবর্তিতত প্রধান প্রধান ধারণার প্রতি বিশেষ গুরুত্ব দেয়।

ইয়ুথ প্রোগ্রামর জীবনচক্রের উচিত পিতা-মাতার মতো (অনানুষ্ঠাকি শিক্ষা), বিদ্যালয়ের (প্রাতিষ্ঠানিক শিক্ষা) এবং অন্যান্য স্টেকহোল্ডারদের (অংশিদার যুব প্রতিষ্ঠানসমুহ, সরকারি ও অন্যান্যদের যতটুকু সম্ভব প্রশংসা করা। স্কাউটিং এর পারিপার্শ্বিক অবস্থা হতে একা/নির্জন নয় এবং আমাদের গঠনমূলক ভূমিকা সম্পর্কে সচেতন হওয়া উচিত, যাতে অন্যান্য স্টেকহোল্ডাররা যুব উন্নয়ন প্রোগ্রামর জীবনচক্রের মধ্যে ভূমিকা পালন করতে পারে।

## যুব উন্নয়ন প্রোগ্রামর প্রক্রিয়া

সমাজে যুবকদের পরিবর্তনশীল প্রয়োজনসমূহের এবং আকাঙ্খাসমূহের খাপ খাওয়াতে ইয়ুথ প্রোগ্রামর উন্নয়ন হচ্ছে একটি নিয়মিত প্রক্রিয়া যা NSO তে যুব উন্নয়ন প্রোগ্রামকে প্রতিনিয়ত পুনঃমূল্যায়ন করে এবং খাপ খাওয়ায়। এভাবে এরা এদের মানের উন্নয়ন ঘটায়।

- যুব উন্নয়ন প্রোগ্রাম দাবি করেঃ
  - স্কাউটিংয়ের নীতি, উদ্দেশ্য ও পদ্ধতিসমূহের প্রতিফলন।
  - সমাজের ও যুবকদের প্রয়োজন এবং আগ্রহ অনুযায়ী যেখানে তারা বাস করে তার সাম্প্রতিক প্রবণতার বিশ্লেষণ।
  - উদ্দেশ্য, লক্ষ্যসমূহের এবং NSO এর প্রাধান্যতার বিবেচনা।
  - চলমান ইয়ুথ প্রোগ্রামর সাথে বাস্তব দক্ষতার মূল্যায়ন।

NSO এর উচিত ইয়ুথ প্রোগ্রামর নিয়মিত মূল্যায়ন করা। বিশ্ব স্কাউট ইয়ুথ প্রোগ্রাম নীতি, যুবকদের স্বার্থে এ সমস্ত প্রোগ্রামগুলোকে আধুনিক রাখতে ও নিশ্চিত করতে নিয়মিত ও পদ্ধতিগতভাবে প্রোগ্রামর উন্নয়নে জোড়ালোভাবে সুপারিশ করে বা তাগিদ দেয়, যেখানে বাকিরা স্কাউটিংয়ের মৌলিক বিষয়বলীর প্রতি বিশ্বস্ত, যা অসীম এবং সার্বজনীন। এটি স্কাউটিংয়ের একতাকে আলোকপাত করে। যুব উন্নয়ন প্রোগ্রামর বৈচিত্রতা এবং নমনীয়তা দাবি করে সামাজিক, ভৌগলিক, অর্থনৈতিক এবং অন্যান্য অবস্থার প্রতি একটি প্রশস্ত বা বিস্তৃত এবং বৈচিত্রপূর্ণ সারাদান। কমপক্ষে ৫-১০ বছরের মধ্যে একটি পর্যালোচনা বা পুনঃর্বিচার চলমান রাখা। আদর্শিকভাবে এমন ধরণের পর্যালোচনা বা পুনর্বিচার প্রাতিষ্ঠানিক ও গবেষণার অনুশীলন হিসাবে গ্রহণ করতে হবে। আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক শিক্ষা বিশেষজ্ঞ এবং প্রতিষ্ঠানসমূহে এবং যুবকদের মতাদর্শের উপর একটি বৈধ ও প্রাসঙ্গিক পর্যালোচনা নিশ্চিত করবে। যুব উন্নয়নে যুবকদের সাময়িকভাবে খাপ খাওয়াতে নিয়মিত মধ্যবর্তী পর্যালোচনা (প্রত্যেক ৩-৫ বছরে) প্রতি সুপারিশ করা হয়েছে।

১. যুব উন্নয়নে প্রোগ্রামর উন্নয়নে, NSO এর উচিত প্রোগ্রামতে ধারণকৃত বিষয় ছাড়াও অন্যান্য ক্ষেত্রেও বিবেচনা করা।

২. প্রোগ্রাম পর্যালোচনার সময় ইয়ুথ প্রোগ্রামকে যথাযথভাবে সম্পাদন করতে NSO এর প্রাপ্ত বয়স্কদের প্রশিক্ষণের ধারণাসমূহকে পর্যালোচনা করা উচিত।

৩. যুবকদের উন্নয়নের পর্যায়/স্তরের উপর ভিত্তি করে ইয়ুথ প্রোগ্রামকে বিভিন্ন স্তরে আয়োজন করা উচিত।

৪. প্রোগ্রামর সম্পাদন, পর্যবেক্ষণ এবং পরবর্তী উন্নয়নকে সমর্থন দিতে NSO এর একটি পরিকল্পনা গঠন করা উচিত।

৫. তাদের এটা নিশ্চিত করা উচিত যে তাদের যথেষ্ট যোগ্যতা সম্পন্ন, কর্মঠ, প্রাসঙ্গিক জ্ঞান ও দক্ষতাসম্পন্ন প্রাপ্ত বয়স্ক লোক রয়েছে।

## ইয়ুথ প্রোগ্রাম সম্পাদন/রূপায়ন

ইয়ুথ প্রোগ্রাম যুবকদের আগ্রহ, প্রয়োজন এবং দক্ষতার উপর ভিত্তি করে যুবক ও প্রাপ্ত বয়স্কদের অংশীদারিত্বের মাধ্যমে সম্পাদন করা হয়। একটি কার্যকরী ইয়ুথ প্রোগ্রাম হচ্ছে তা যা যুবকদের আকর্ষণীয় এবং সামাজিক বাস্তবতার সাথে প্রাসঙ্গিক বলে ধারণা করা হয় যেখানে এটাকে প্রাপ্ত বয়স্ক নেতাদের উপর ভার অর্পণ করা হয় এটাকে বাস্তবায়নের সমর্থন করতে।

ঐগুলো ইয়ুথ প্রোগ্রাম এবং প্রাপ্তবয়স্কদের প্রশিক্ষণের NSO তে যেগুলো একসাথে থাকা উচিত:

- প্রাপ্তবয়স্কদের ভূমিকা পালনে তাদের দক্ষতা ও ভূমিকার বিশ্লেষণ প্রয়োজন।
- তাদের প্রশিক্ষণ এবং ব্যক্তিগত উন্নয়ন চিহ্নিত করা প্রয়োজন।
- একটি সহায়ক গঠন কাঠামোর নকশা তৈরি করা এবং সম্পাদন করা যা তাদের ঐ সমস্ত প্রয়োজন পূরণ করে।
- ইয়ুথ প্রোগ্রাম সম্পাদনের প্রভাবের শর্তে ব্যক্তিগত উন্নয়নের ফলপ্রসূতার মূল্যায়ন।

যুবকদের অধিকাংশ ক্ষেত্রে উপকৃত হতে সক্ষম হতে নিশ্চিত করতে NSO এর উচিত উদ্দেশ্য সাধনের উপায় সবচেয়ে সহজপ্রাপ্য কার্যকরী শিক্ষা প্রোগ্রামের

সম্পাদন করা। কিছু অভিজ্ঞতা বা পথকে বহুমূখি শিক্ষা, নেটওয়ার্কিং, অনলাইন, ইন্টার এক্টিভিটি এবং অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষা হিসেবে বিবেচনা করতে প্রকল্প ভিত্তিক সুযোগ-সুবিধাসমূহকে শিক্ষার আরেকটি আনন্দদায়ক প্রচেষ্টা হিসেবে প্রদান করে। ছোট এবং স্বল্পামেয়াদী প্রকল্পসমূহ আগেকার সময়ের স্বল্পমেয়াদী বিষয় হিসেবে চিহ্নিত করা হয়। স্কাউটরা যারা শুধুমাত্র নির্দিষ্ট ও কম সময় ব্যয় করতে আশা করে স্কাউটিংয়ে সকলের কছে পৌঁছানোই হচ্ছে ইয়ুথ প্রোগ্রাম সম্পাদনের একটি গুরুত্বপূর্ণ অংশ। NSO এর উচিত সকল সম্প্রদায়সমূহের সংস্কৃতিসমূহের সামাজিক শ্রেণিসমূহ এবং ভৌগলিক এলাকাসমূহের অক্ষম যুবকদের, যারা কঠিন পরিস্থিতিতে বেঁচে আছেন/বাস করেন তাদের জন্য অর্থবহ শিক্ষার সুযোগ-সুবিধাসমূহ নিশ্চিত করা।

স্কাউটিংয়ের যুবকদের জন্য এমন এক নিরাপদ পথের ব্যবস্থা যা তাদের চারিত্রিক সাধুতা এবং অবৈষম্যমূলক পরিবেশে উন্নয়ন করতে খুবই প্রয়োজন। যুব উন্নয়ন প্রোগ্রামর উচিত কার্যপ্রণালীর সাথে একটি নিরাপদ পরিবেশ সৃষ্টি করা যা যুবকদের ক্ষতি থেকে নিরাপদে রাখবে।

## দায়িত্ব ও ভূমিকাসমূহ

স্কাউট আন্দোলনের সকল পর্যায়ে/স্তরে ইয়ুথ প্রোগ্রাম সকলের কাজ হওয়া উচিত। এটা খুব গুরুত্বপূর্ণ যে কারা ইয়ুথ প্রোগ্রামকে সুবিধা বা সমর্থন করছে অথবা ইয়ুথ প্রোগ্রামর উন্নয়ন করছে তাদের আলাদা করা।

### সুবিধাদি

যুবকদের প্রয়োজন অনুসারে নতুন আবির্ভূত প্রবণতাকে মূল্যায়ন করা, বিশ্লেষণ এবং নকশা করা। এই ভূমিকা সাধারণত খুব প্রোগ্রামর দলসমূহ দ্বারা অনুশীলন করা হয় যা এই প্রোগ্রামকে যেকোনো স্তরে/পর্যায়ে উন্নত করে।

### সমর্থনকারী

ইয়ুথ প্রোগ্রামর উন্নয়ন ও সম্পাদনে সাহায্য করে। এটা একটি সুবিশাল/ সুবিস্তৃত বিস্তরের প্রাপ্ত বয়স্ক স্কাউটিংকে অন্তর্ভুক্ত করে যারা স্বেচ্ছাসেবী অথবা পেশাদার কর্মী, ইয়ুথ প্রোগ্রাম বা অন্যান্য ক্ষেত্রে বিভিন্ন পর্যায়ে বা স্তরে দায়িত্ব ও কর্তব্যসমূহের বা ভূমিকাসমূহের পরবর্তীতে অতিরিক্ত Table in the Appendix এ ব্যাখ্যা করা হবে।

## যুব উন্নয়ন প্রোগ্রামর মূলনীতিসমূহ

**ইয়ুথ প্রোগ্রামর উচিত :**

- **কেন্দ্রে/মূলে যুবকদের উপস্থিতি:** ইয়ুথ প্রোগ্রামর উচিত যুবকদের দ্বারা তৈরি হওয়া কিন্তু তাদের নিজেদের জন্য নয়। এর মানে এই যে, যুব উন্নয়ন ও সম্পদ এটা সর্বত্রই যুবকদের সক্রিয় অংশগ্রহণের উপর ভিত্তি করে, যেহেতু তারা আত্ম-উন্নয়নের প্রধান প্রতিনিধি।

- **শিক্ষার পক্ষে/সমর্থনে থাকা:** স্কাউটিং হচ্ছে একটি অনানুষ্ঠানিক শিক্ষা আন্দোলন NSO এর এমন একটি প্রোগ্রাম প্রদান করা যা যুবকদের বাস্তব জীবনের অগ্রসরের পথের সাথে পরিচয় করে দিবে এবং যুবকদের ব্যক্তি হিসেবে পরিপূর্ণভাবে বৃদ্ধির সুযোগ সৃষ্টি করবে। এটা তাদের জীবনের ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ দক্ষতাসমূহের সঞ্চালনের ক্ষেত্রে তাদের সাহায্য করা উচিত/করবে। আমরা স্কাউটিংয়ে যা করি তার শিক্ষাগত মূল্য সফলতাপূর্ণ উন্নয়ন এবং জীবনচক্রের সম্পাদনের অনুযায়ী একটি শিক্ষাগত মূল্যবোধ বহন করা উচিত।

- **কর্মপরায়ন/সক্রিয়/কর্মঠ নাগরিক হিসেবে উন্নয়ন:** এই প্রোগ্রাম যুবকদের জন্য শিক্ষার সুযোগ-সুবিধাসমূহ তৈরি করা উচিত, তাদের সম্প্রদায়ে কর্মপরায়ন নাগরিক হিসেবে এবং আজ বা আগামীকালের দায়িত্বশীল ও প্রতিজ্ঞাবদ্ধ (সাহায্যকারী অনুসারী) নেতা হিসেবে। স্কাউটিংয়ের একক পর্যায় হতে প্রাতিষ্ঠানিক পর্যায় এবং স্কাউটিংয়ের বাইরের সমাজে পর্যন্ত নাগরিকদের স্বশাসিত সিদ্ধান্ত তৈরিকারী হিসেবে নাগরিকদের ক্ষমতায়ন করা উচিত। যুব উন্নয়ন প্রোগ্রাম এমন এক কঠিন পরীক্ষা বা অগ্নিপরীক্ষা যা যুবকদের প্রথমত স্কাউটিংয়ে এবং পরে সম্প্রদায়ে একজন যুবককে কর্মপরায়ন নাগরিক হিসেবে পরিবর্তিত করে।

- **স্থানীয়ভাবে সঙ্গতিপূর্ণ যা অভিযোজিত এবং বৈশ্বিকভাবে ঐক্যবদ্ধ:** যেখানে স্কাউটিং এর মৌলিক বিষয়াবলীসমূহ (উদ্দেশ্য, নীতি এর পদ্ধতিসমূহ) বছরের পর বছর স্থায়ী এবং চিরন্তন থাকে স্কাউটিং এর মূল উপাদান ও নীতিসমূহের পরিবর্তন না করে ঐ সমস্ত মৌলিক বিষয়াবলীসমূহের নিজস্ব সাংস্কৃতিক ব্যাখ্যা দেয়ার নমনীয়তা NSO এর থাকা উচিত। ইয়ুথ প্রোগ্রামর নির্ধারিত মূল্যবোধ ও বিভিন্ন উপাদানের মধ্যে একটি সচেতনতামূলক ভারসাম্যের ব্যবস্থা করা উচিত।

- **আধুনিক ও প্রাসঙ্গিক হওয়া:** স্কাউটিংয়ের মৌলিক বিষয়াবলীসমূহের (উদ্দেশ্য, নীতি এবং পদ্ধতিসমূহের) সাথে সম্পর্কিত ইয়ুথ প্রোগ্রামর একটি শিক্ষামূলক অনুশীলন এবং ক্রম উন্নয়নরত স্থায়ী প্রতিফলন হওয়া উচিত। সমাজের

সাংস্কৃতিক, সামাজিক, রাজনৈতিক এবং অর্থনৈতিক পরিধিকে গ্রহণ করা উচিত বর্তমান বা নিকট ভবিষ্যতে উভয় ক্ষেত্রে যুবকদের আগ্রহ এবং প্রয়োজন পূরণে এটার প্রতিফলন ঘটানো উচিত।

- **সবার জন্য উন্মুক্ত:** ইয়ুথ প্রোগ্রামর উচিত যুবকদের প্রয়োজন মেটানো। এই প্রোগ্রাম অবশ্যই সামাজিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক, জাতিগত, ধর্মীয় ভিন্নতা/ বহুমুখীতা এবং নির্ভরতার সাথে একে অপরের খাপ খাওয়াতে প্রয়োজনীয় নমনীয়তার সাথে নকশা করা উচিত। এটার উচিত অক্ষম লোকদেরও অন্তর্ভুক্ত করা।

- **আকর্ষণীয়, ঝুঁকিপূর্ণ এবং অর্থপূর্ণ হওয়া:** ইয়ুথ প্রোগ্রাম উদ্দেশ্যের সাথে আনন্দদায়ক হওয়া উচিত। এটার উচিত যুবকদের সামর্থ্যকে চ্যালেঞ্জ করা এবং তাদের (যুবকদের) আগ্রহ অনুযায়ী পরিচালিত হওয়া। আমরা স্কাউটিংয়ে প্রাপ্ত বয়স্কদের দ্বারা সুবিধাদান এবং যুবকদের জন্য শিক্ষার সুযোগ-সুবিধা প্রদান করে থাকি। এই শিক্ষার সুযোগ-সুবিধাসমূহ এলোমেলো প্রোগ্রাম নয়, এগুলো সাজানো হয়েছে একটি শিক্ষামূলক সুগঠিত কাঠামোতে যা যুবকদের অর্থবহ এবং দক্ষতার পরিপূর্ণতার দিকে পরিচালনা করে।

# নীতিসমূহের বাস্তবায়ন

## বিশ্ব স্কাউটে কিভাবে ইয়ুথ প্রোগ্রামর নীতি ব্যবহার করা হয়

### অন্যান্যদের সাথে সহসমন্বয় সাধন

এই নীতি প্রাতিষ্ঠানিক তথ্যসমূহ, পদ্ধতিসমূহ এবং কাজের ক্ষেত্রসমূহের সাথে হাতে হাত রেখে কাজ করা উচিত।

#### প্রাতিষ্ঠানিক তথ্য ও পদ্ধতিসমূহ

নতুন নীতিসমূহ অথবা প্রাতিষ্ঠানিক তথ্যসমূহের অথবা ঐ সমস্ত তথ্যসমূহের সংস্করণ, বিশ্ব যুব স্কাউট উন্নয়ন নীতির সাথে সীমাবদ্ধ। নিম্নোক্ত তথ্যসমূহের তালিকা হচ্ছে :

- বিশ্ব স্কাউটিং নীতিতে প্রাপ্ত বয়স্করা এবং এলাকা ভিত্তিক অনুশীলন ও জাতীয় নীতিসমূহ।

- বিশ্ব যুব স্কাউট অংশগ্রহণ নীতি এবং এলাকা ভিত্তিক অনুশীলনসমূহ ও জাতীয় নীতিসমূহ।
- ইয়ুথ প্রোগ্রামের উপর এলাকা ভিত্তিক অনুশীলনসমূহ ও জাতীয় নীতিসমূহ।
- WOSM এর কৌশল।

**প্রাপ্ত বয়স্কদের সমর্থন ও প্রশিক্ষণ**

ওয়ার্ল্ড স্কাউট প্রোগ্রাম পলিসি অনুযায়ী NSO এর ইয়ুথ প্রোগ্রামের সম্পাদন নিশ্চিত করতে প্রাপ্ত বয়স্কদের সমর্থন ও প্রশিক্ষণের যত্ন নেওয়া উচিত। যেকোনো পর্যায়ে (পুনর্বিবেচনা, সম্পাদন করা, নকশা করা ইত্যাদি) তাদের প্রশিক্ষণের মান বৃদ্ধি করতে WOSM-এর বৈশ্বিক উপদেষ্টা সহায়তা NSO এর জন্য একটি কার্যকর উপায় হতে পারে।

## বয়সের বিভাগসমূহ/বয়স বিভাজন

বয়সের বিভাজন অনুযায়ী ইয়ুথ প্রোগ্রামের শিক্ষামূলক উদ্দেশ্যসমূহের ভাগ করাই হচ্ছে ইয়ুথ প্রোগ্রামের জীবন চক্রের একটি গুরুত্বপূর্ণ অংশ। যখন ইয়ুথ প্রোগ্রাম পুনর্বহাল করা হয় শিশু উন্নয়নের বিভিন্ন পর্যায়ের/স্তরে NSO এর মধ্যে বিদ্যমান বিভিন্ন শাখা ভিত্তিক বিভাজন আছে কিনা এবং আমাদের দেশে স্কুল বা সামাজিক পদ্ধতিসমূহ দ্বারা সমর্থিত বয়সের ভিত্তিতে দলসমূহের বয়স বিভাজন একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন। বয়স বিভাজন একটি সুষম এবং প্রাসঙ্গিক পদ্ধতি প্রতিষ্ঠা করতে শিক্ষামূলক উদ্দেশ্যসমূহ এবং বক্তিগত উন্নয়নের পরিকল্পনার লক্ষ্যকে সূত্রাবদ্ধ করাই হচ্ছে একটি পূর্বশর্ত। এধরনের পদ্ধতিতে জোড়ায় জোড়ায় দল এবং মনন ও মেধায় সমকক্ষ Tutoring হচ্ছে দুটো গুরুত্বপূর্ণ উপাদান। তাছাড়া NSO এর উচিত জোড়ায় জোড়ায় Tutoring কে সক্ষম/চালু করতে সবচেয়ে কম বা বেশি বয়সের মধ্যে পর্যাপ্ত Gap/ ফারাকের ব্যবস্থা বিবেচনা করে তাদের  বয়সের বিভাজনকে চিহ্নিত করা (একটি আদর্শ বয়সের মাত্রা যা হবে ৩-৪ বছর)।

তাদের সমাজের প্রাসঙ্গিক ক্ষেত্রে তারা প্রাসঙ্গিক এটা নিশ্চিত করতে NSO এর উচিত তাদের বয়সের বিভাজনসমূহ বারবার দেখা এবং পুনর্বিবেচনা করা।

## উন্নয়ন/মানোন্নয়ন

এই নীতির মানোন্নয়ন হচ্ছে প্রত্যেকের কাজের অংশ। কিভাবে নেতারা এটা ব্যবহার করবে এ বিষয়ে প্রশিক্ষণ দিতে এর কার্য সম্পাদন করতে এবং ইয়ুথ প্রোগ্রামের গুরুত্ব ও ইহার গুরুত্ব বোঝাতে এবং সচেতনতা বৃদ্ধি করতে এটা সম্পর্কে কথা বলা গুরুত্বপূর্ণ। এটাকে সহজেই বুঝতে এবং সম্পাদন/প্রণয়ন

করতে বিশ্ব যুব স্কাউট প্রোগ্রামর নীতিসমূহ স্পষ্টভাবে এবং সরলভাবে লেখা হয়েছে।

## পুনর্বিবেচনা এবং নির্দিষ্ট সময়ের জন্য সময় কাঠামো

দ্রুত চলমান বিশ্বে সময় কাঠামো নীতি হচ্ছে বাস্তবিক এবং প্রয়োজনীয়। বিশ্ব ইয়ুথ প্রোগ্রাম নীতিকে নিম্নোক্তভাবে সময় কাঠামোতে/কাঠামোবদ্ধ করা যায়।

এই নীতির ত্রি-বার্ষিকী খাপ খাওয়ানো, কার্য সম্পাদন করা এবং মূল্যায়ন এবং পুন: নিরীক্ষণ করা পুরো জীবন বা পুরো সময়ব্যাপী। এটাকে নিম্নোক্তভাবে ভাগ করা হয়েছে:

- প্রথম ত্রি-বার্ষিকী হচ্ছে NSO এবং WOSM এর প্রাতিষ্ঠানিক তথ্য এবং নীতি অনুযায়ী তথ্যের সাথে খাপ খাওয়ানো এবং উন্নয়ন।
- দ্বিতীয় ত্রি-বার্ষিকী হচ্ছে NSO এর দ্বারা প্রকৃতপক্ষে কার্যে সম্পাদন করা।
- তৃতীয় ত্রি-বার্ষিকী হচ্ছে WOSM এর গঠন কাঠামোসমূহ দ্বারা চলমান কার্য সম্পাদন, পরিপূর্ণ বা সম্পূর্ণভাবে মূল্যায়ন এবং পুনর্বিবেচনা করা।

প্রত্যেক ত্রি-বার্ষিক নীতির শেষে এই নীতির সকল পর্যায়ের সাথে সঙ্গতি রেখে কাজ করা হয়েছে এমন একটি উন্নয়নের প্রতিবেদন করে বিশ্ব স্কাউট কমিটির কাছে জমা দেয়া উচিত। তৃতীয় ত্রি-বার্ষিকী শেষে যদি কোনো পরিবর্তনের প্রয়োজন হয় প্রয়োজনের কথাটি উল্লেখ করে একটি সম্পূর্ণ পুনর্বিবেচনার প্রতিবেদন বিশ্ব স্কাউট সম্মেলনে জমা দেয়া উচিত।





# পরিশেষ/পরিশিষ্ট

এই পরিশিষ্ট ওয়ার্ল্ড স্কাউট প্রোগ্রাম পলিসির পরিপূরক।

অথবা

শুরুতে এই সংজ্ঞাসমূহের এবং শর্তসমূহ মূল্য যোগ করে ইয়ুথ প্রোগ্রামর Holistic বুঝার ক্ষেত্র।

## স্কাউটিং

### স্কাউটিং আন্দোলনের সংজ্ঞা

প্রতিষ্ঠাকারীদের দ্বারা ধারণকৃত উদ্দেশ্য নীতিসমূহ এবং পদ্ধতি অনুসারে স্কাউট আন্দোলন হচ্ছে যুবকদের জন্য জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ ভেদে স্কাউট স্বেচ্ছাসেবী অরাজনৈতিক শিক্ষামূলক আন্দোলন। নিম্নে তা উল্লেখ করা হল।

### স্কাউট আন্দোলনের উদ্দেশ্য

স্কাউট আন্দোলনের উদ্দেশ্য হচ্ছে যুবকদের শারীরিক, মানসিক, বুদ্ধিমত্ত, আবেগানুযায়ী আত্মিকভাবে সামাজিকভাবে ও আত্মিকভাবে সমৃদ্ধ ব্যক্তি হিসেবে এবং দায়িত্বশীল নাগরিক হিসেবে এবং তাদের স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিকভাবে সম্প্রদায়সমূহে সম্ভাবনামূলক উন্নয়নের পথে ধাবিত/ পরিচালিত করতে অবদান রাখছে।

### স্কাউট আন্দোলনের নীতিসমূহ

নিম্নোক্ত নীতিসমূহের উপর স্কাউট আন্দোলন ভিত্তি করে:

- **সৃষ্টিকর্তার প্রতি দায়িত্ব**

  আত্মিক নীতির প্রতি আনুগত্য ধর্মের প্রতি আনুগত্য যা তাদের প্রকাশ করবে এবং তা হতে দায়িত্ব গ্রহণের প্রকাশ করা বুঝাবে।

- **অন্যদের প্রতি দায়িত্ব**

  - স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক শান্তি বোঝায় এবং সাহায্য সহযোগিতা উন্নয়নের সাথে সামঞ্জস্যতা বজায় রেখে দেশের প্রতি কর্তব্যনিষ্ঠ হওয়া।
  - প্রকৃত বিশ্বে অখন্ডতা এবং মানবিকতার মর্যাদার সম্মান ও স্বীকৃতির সাথে সমাজের উন্নয়নে অংশগ্রহণ করা।

- **নিজের প্রতি দায়িত্ব/আত্ম দায়িত্ব**

  আত্ম উন্নয়নের জন্য দায়িত্বশীলতা।

## স্কাউট পদ্ধতি

নিম্নোক্ত মাধ্যমগুলোর দ্বারা স্কাউট পদ্ধতি হচ্ছে অগ্রসরমান স্বশিক্ষা:

- স্কাউট প্রতিজ্ঞা ও আইন
- কাজের মাধ্যমে শিক্ষা
- দল পদ্ধতি
- প্রতীকী গঠন কাঠামো
- ব্যক্তিগত উন্নয়ন
- প্রকৃতি
- বয়স্কদের সমর্থন।

## স্কাউটিংয়ের মিশন

স্কাউটিংয়ের মিশন হচ্ছে একটি উন্নত বিশ্ব নির্মাণ করতে যুবকদের পরিপূর্ণ ব্যক্তিত্ব হিসেবে গঠনমূলক সমাজ গঠনে ভূমিকা পালন করতে স্কাউট প্রতিজ্ঞা ও আইনের উপর ভিত্তি করে যুবকদের জন্য শিক্ষা ক্ষেত্রে অবদান রাখা।

## স্কাউটিং এর ভিশন

মূল্যবোধের উপর ভিত্তি করে তাদের নিজস্ব সম্প্রদায়ে ১০০ মিলিয়নেরও বেশি যুবকদের কর্মপরায়ন নাগরিক হিসাবে ইতিবাচক পরিবর্তনে সক্ষম করাতে ২০২৩ সালের মধ্যেই স্কাউটিং হবে বিশ্বে নেতৃত্বস্থানীয় শিক্ষামূলক যুব আন্দোলন।

# যুব উন্নয়ন প্রোগ্রামের দায়িত্ব, কর্তব্য ও ভূমিকা

| | সুবিধাদান | উন্নতর করা | সমর্থন করা |
|---|---|---|---|
| একক পর্যায়ে | - ইয়ুথ প্রোগ্রামের প্রধান কার্য হচ্ছে স্কাউট পদ্ধতি অনুসারে স্কাউটিং এর উদ্দেশ্য অর্জন করা (শেষ ফলাফল)।<br>- শিক্ষার উপকরণ ও যন্ত্রপাতির ব্যবহার<br>- অন্যান্য এককের সাথে মিথস্ক্রিয়া করা। | - ইয়ুথ প্রোগ্রামের কার্যাবলীর মধ্যে একক পরিকল্পনার উন্নয়ন। | - স্থানীয়, জাতীয়, এলাকা ভিত্তিক বিশ্ব যুব উন্নয়ন প্রোগ্রাম সম্পর্কিত ঘটনাতে অংশগ্রহণের সুযোগের বিধান। |
| স্থানীয় পর্যায়ে | - একক পর্যায়ে ইয়ুথ প্রোগ্রামের কার্য সম্পাদনের তদারকি ও সমর্থন করা।<br>- একক পর্যায়ে কার্য সম্পাদনের সমর্থন।<br>- শিক্ষামূলক কৌশলাদি ও যন্ত্রপাতির পরিতোষকের প্রচারতা/বিকীর্ণতা/বিকীরণ।<br>- স্থানীয় ঘটনাবলীর ব্যবস্থা করা (কোর্স সমূহ, ক্যাম্প ও প্রকল্প সমূহ ইত্যাদি)।<br>- যুব উন্নয়ন প্রোগ্রামের মাঠ পর্যায়ে অন্যান্য জেলাসমূহের সাথে বহুমাত্রিক অভিজ্ঞতার আদান প্রদান। | - ইয়ুথ প্রোগ্রামের স্থানীয় পরিকল্পনার উন্নয়ন।<br>- ইয়ুথ প্রোগ্রামের ব্যবহারের জন্য তথ্য সংগ্রহ করা।<br>- জাতীয় এলাকা ভিত্তিক এবং বিশ্ব ইয়ুথ প্রোগ্রাম সম্পর্কিত অনুষ্ঠানে অংশগ্রহণ।<br>- জেলার মধ্যে বিভিন্ন এলাকায় একে অপরের সাথে সাহায্য সহযোগিতা (স্কাউটিংয়ের প্রাপ্ত বয়স্কদের যোগাযোগ ইত্যাদি) | - স্থানীয় ইয়ুথ প্রোগ্রাম দলগুলোর প্রত্যেক সদস্যের চাকরির বর্ণনা ও শর্ত অন্তর্ভুক্ত করে প্রতিষ্ঠা করা।<br>- ইয়ুথ প্রোগ্রামের উন্নয়ন।<br>- একক নেতাদের কার্য সম্পাদনের উপর প্রশিক্ষণ।<br>- ইয়ুথ প্রোগ্রাম সম্পর্কিত পরিবৃত্তি অভিজ্ঞতা এবং তথ্য নিশ্চিত করতে জাতীয়, প্রাদেশিক ও জেলা পর্যায়ে নেতাদের সাথে স্পষ্টভাবে যোগাযোগ ও নেটওয়ার্কিং।<br>- জাতীয় এলাকা ভিত্তিক এবং বিশ্ব ইয়ুথ প্রোগ্রাম সম্পর্কিত অনুষ্ঠানে অংশগ্রহণ। |
| জাতীয় পর্যায়ে | - জাতীয় নীতি, এলাকা ভিত্তিক অনুশীলন সমূহের বিশ্ব প্রোগ্রাম নীতির সামঞ্জস্যপূর্ণ প্রয়োগ।<br>- স্থানীয় পর্যায়ে ইয়ুথ প্রোগ্রাম সম্পাদনের তদারকিকরণ।<br>- স্থানীয় পর্যায়ে সম্পাদন ও সমর্থন।<br>- NSO এর মধ্যে ইয়ুথ প্রোগ্রামকে সাহায্য করে এমন জাতীয় অনুষ্ঠানের আয়োজন করা (কোর্সেস, জাম্বুরীস, প্রকল্পসমূহ ইত্যাদি)। | - ইয়ুথ প্রোগ্রামের উন্নয়ন।<br>- শিক্ষামূলক উপাদান ও যন্ত্রপাতি সমূহের সমর্থন ও উৎপাদন।<br>- তথ্য সংগ্রহ ও ইয়ুথ প্রোগ্রামের ব্যবহার বিশ্লেষণ করা।<br>- প্রয়োজন অনুযায়ী ইয়ুথ প্রোগ্রামের আধুনিকায়ন। | - জাতীয় প্রোগ্রামের প্রতিষ্ঠায় দলের প্রত্যেক সদস্যের চাকরির বর্ণনা ও শর্তাবলী অন্তর্ভুক্ত করে উল্লেখ করা।<br>- একক এবং বয়সের বিভাজন সম্পর্কিত গঠন কাঠামোর নকশা তৈরি করা।<br>- ইয়ুথ প্রোগ্রামের মানোন্নয়ন।<br>- সম্পাদনের উপর প্রশিক্ষণ।<br>- জাতীয় এলাকা ভিত্তিক এবং বিশ্ব ইয়ুথ প্রোগ্রাম সম্পর্কিত অনুষ্ঠানে অংশগ্রহণ। |

| | | | |
|---|---|---|---|
| আঞ্চলিক পর্যায়ে | - অঞ্চলসমুহের মধ্যে আঞ্চলিক ভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে যা একক যুবক প্রোগ্রামকে সাহায্য করবে (কোর্সেস, জাম্বুরীস, প্রকল্পসমূহ ইত্যাদি)। | - আঞ্চলিক স্কাউটসের চাহিদা অনুযায়ী অঞ্চল ও জাতীয় স্কাউটিং-এ ইয়ুথ প্রোগ্রামে সহায়তা প্রদানে, শিক্ষা উপকরণের উপাদান, ভাষান্তর এবং বিতরণ করা। আঞ্চলিক পর্যায়ে ইয়ুথ প্রোগ্রামের ব্যবহারে তথ্য বিশ্লেষন, সয়গ্রহ ও গবেষণা করা<br>- চাহিদ অনুযায়ী অঞ্চলিক ইয়ুথ প্রোগ্রামের উন্নয়ন। | - আঞ্চলিক ভিত্তিক ইয়ুথ প্রোগ্রামর ব্যক্তিত্ব প্রতিষ্ঠা (নেটওয়ার্কস, দলসমূহ ইত্যাদি)।<br>- আঞ্চলিক এবং বিশ্ব ইয়ুথ প্রোগ্রাম সম্পর্কিত অনুষ্ঠানে অংশগ্রহণ।<br>- বিশ্ব ও আঞ্চলিক উয়ুথ প্রোগ্রাম নীতির সমন্বিত প্রসার<br>- ইয়ুথ প্রোগ্রাম উন্নয়নে প্রশিক্ষণ<br>- জাতীয় পর্যায়ে স্কাউটটিং মূলনীতির বস্তবায়নের নিশ্চয়তা<br>- ইয়ুথ প্রোগ্রামের অভিজ্ঞতা ও তথ্য বিনিময়<br>- NSO সমূহ ও অঞ্চলের মধ্যে ইয়ুথ প্রোগ্রামের ক্ষেত্রে চর্চ ও অভিজ্ঞতার বিমিময়। |
| আন্তর্জাতিক পর্যায়ে | - বিশ্বব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা যা বিশ্বের ঐক্যবদ্ধ ইয়ুথ প্রোগ্রামকে সাহায্য করবে। | - আন্তর্জাতিক স্কাউটসের চাহিদা অনুযায়ী আন্তর্জাতিক ও ওয়ার্ল্ড স্কাউটিং-এ ইয়ুথ প্রোগ্রামে সহায়তা প্রদানে, শিক্ষা উপকরণের উপাদান, ভাষান্তর এবং বিতরণ করা। আন্তর্জাতিক পর্যায়ে ইয়ুথ প্রোগ্রামের ব্যবহারে তথ্য বিশ্লেষন, সংগ্রহ ও গবেষণা করা<br>- চাহিদ অনুযায়ী আন্তর্জাতিক ইয়ুথ প্রোগ্রামের উন্নয়ন। | - বিশ্ব ইয়ুথ প্রোগ্রামর ব্যক্তিত্বের প্রতিষ্ঠা করা এবং উন্নয়ন ও তাদের অন্যান্য সুযোগ দান (নেটওয়ার্কিং, সম্প্রদায়সমূহ ইত্যাদি)।<br>- জাতীয় এলাকা ভিত্তিক এবং বিশ্ব ইয়ুথ প্রোগ্রাম সম্পর্কিত অনুষ্ঠানে অংশগ্রহণ। |





# অতিরিক্ত গুরুত্বপূর্ণ পাঠ

- *স্কাউটিং ফর বয়েজ, রবার্ট ব্যাডেন পাওয়েল ১৯০৮।*
- *বিশ্ব স্কাউট আন্দোলনের সংবিধান, জানুয়ারি ২০১১ সংস্করণ।*
- *বিশ্ব স্কাউটিং নীতি প্রাপ্ত বয়স্কদের ও বালকদের জন্য অ্যাডভান্স ইন স্কাউটটিং পলিসি যা ৩৯ তম বিশ্ব স্কাউট সম্মেলন, ব্রাজিল, ২০১১ গ্রহণ করা হয় ।*
- *স্কাউটিংয়ের প্রয়োজনীয় বৈশিষ্ট্যসমূহ বিশ্ব স্কাউট প্রোগ্রাম ব্যুরো, ১৯৯৮।*
- *প্রোগ্রামর নতুন পথ (RAP) টুলবক্স প্রোগ্রামর হ্যান্ডস আউট, বিশ্ব স্কাউট ব্যুরো, জুলাই ২০০৫।*
- *গ্রীণ দ্বীপ, বিশ্ব স্কাউট ব্যুরো, জুলাই ২০০৫।*
- *স্কাউটিং প্রোগ্রামর উপাদান, বিশ্ব স্কাউট ব্যুরো, জানুয়ারি ১৯৮৫।*
- *বিশেষ জাহিদাসম্পন্ন ছেলে-মেয়েদের জন্য স্কাউটিং নির্দেশনা, বিশ্ব স্কাউট ব্যুরো, ফেব্রুয়ারি ২০০৮।*
- *শিশুদের জন্য স্কাউটিং নির্দেশনা যা বিশেষ করে কঠিন অবস্থার বাচ্চাদের, বিশ্ব স্কাউট ব্যুরো, ফেব্রুয়ারি ২০০৮।*
- *প্রাপ্ত বয়স্ক যুবকদের ক্ষমতায়ন (রোভার স্কাউট বিভাগের জন্য নির্দেশনা), বিশ্ব স্কাউট ব্যুরো, মে ২০০৯।*
- *আর্থিক ও ধর্মীয় উন্নয়নের নির্দেশনা, বিশ্ব স্কাউট ব্যুরো, মার্চ, ২০১০।*

- *যুবকদের জন্য শিক্ষা : ২১ শতকের ভোরের বক্তব্য, যুব কার্যনির্বাহী কর্মকর্তাগণের মধ্যে মৈত্রী, ১৯৯৮।*
- *জাতীয় যুব নীতিসমূহ: স্বায়ত্বশাসিত, সমর্থিত, দায়িত্বশীল এবং প্রতিজ্ঞাবদ্ধ যুবক-একটি কার্য সম্পাদনমূলক তথ্য অনানুষ্ঠানিক মতের ভিত্তিতে, যুব কার্যনির্বাহী কর্মকর্তাদের মৈত্রী, ১৯৯৮।*
- *স্কাউটিং: একটি শিক্ষামূলক পদ্ধতি, বিশ্ব স্কাউট ব্যুরো, ১৯৯৮।*
- *কি জন্য স্কাউটিং? কাদের জন্য স্কাউটিং? বিশ্ব স্কাউট ব্যুরো, ১৯৯৭।*








National Rover Mo




বাংলাদেশ স্কাউটস
প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড বিতরণ অনুষ্ঠান
প্রধান অতিথি ঃ জনাব মোঃ আবদুল হামিদ
মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট
২৯ চৈত্র ১৪২৩ (১২ এপ্রিল ২০১৭) বুধবার
ওসমানী স্মৃতি মিলনায়তন, ঢাকা











SCOUTS®
Creating a Better World

© World Scout Bureau Inc.
Youth Programme
February 2015

World Scout Bureau, Kuala Lumpur Office
Suite 3, Level 17,
Menara Sentral Vista, No 150
Jalan Sultan Abdul Samad
Brickfields, 50470
Kuala Lumpur, MALAYSIA

Tel.: + 60 3 2276 9000
Fax: + 60 3 2276 9089

worldbureau@scout.org
scout.org

Reproduction is authorised to National Scout Organizations and Associations which are members of the World Organization of the Scout Movement. Credit for the source must be given.